

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৮৯.২৩ নথির বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলা মাঠে মাননীয় প্রধানমন্ত্রীর জনসভা উপলক্ষ্যে পানির ট্যাংক স্থাপন কাজ।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলা মাঠে মাননীয় প্রধানমন্ত্রীর জনসভা উপলক্ষ্যে পানির ট্যাংক স্থাপন কাজ অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৯/৮/২৩ ৩:৩০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০২/০৯/২০২৩ ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রী “এলিভেটেড এক্সপ্রেসওয়ে” উদ্বোধন করবেন। সেই উপলক্ষ্যে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলা মাঠে সুধী সমাবেশ এবং জনসভা অনুষ্ঠিত হবে। আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলা মাঠ মডস জোন-৩ এর আওতাধীন এলাকায় অবস্থিত। আগামী ০২/০৯/২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিতব্য উক্ত জনসভার বিষয়ে ইতিমধ্যে কয়েকটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সড়ক ও যোগাযোগ মন্ত্রণালয়ের সেতু বিভাগ আয়োজিত অনুষ্ঠানে পাঁচলক্ষাধিক জনসমাগম হবে মর্মে সমন্বয় সভায় জানানো হয়েছে। উক্ত জনসভা বাস্তবায়নের জন্য স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) কর্তৃক আহবানকৃত বিভিন্ন সংস্থার অংশগ্রহণে অনুষ্ঠিত সমন্বয় সভায় ঢাকা ওয়াসাকে সভাস্থলে বিশুদ্ধ খাবার পানি ও টয়লেটে ব্যবহারের জন্য পানি সরবরাহের দায়িত্ব প্রদান করা হয়। সেমোতাবেক বর্ণিত সভাস্থলে পানির ট্যাংক স্থাপনের নিমিত্তে ব্যানার তৈরী, ইট, ২০ মি:মি: জি আই সকেট, জি আই শর্ট পিস পাইপ, প্লাষ্টিকের বিব কর্ক, প্লাষ্টিকের মগ, থ্রেড টেপ, ইত্যাদি মালামালগুলি জরুরী ভিত্তিতে সংগ্রহ করত: শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৯/৮/২৩ ৩:৩৪ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে বর্ণিত মালামালগুলি সংগ্রহ ও পানির ট্যাংক স্থাপন কাজে শ্রমিক নিয়োজিত করণের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রকলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রকলনে ঢাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪৮,৫৯০.০০/- (আটচল্লিশ হাজার পাঁচশত নব্বই) টাকা মাত্র (সংযুক্তি ক্রঃ নং-৩৩২:১)। জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM)- ঠিকাদারি প্রতিষ্ঠান “মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ” এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর খোক বরাদ্দ ক্রমিক নং- B-13.28 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৯/৮/২৩ ৩:৩৭ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে আগারগাঁওস্থ পুরাতন বাণিজ্য মেলা মাঠে মাননীয় প্রধানমন্ত্রীর জনসভা উপলক্ষ্যে পানির ট্যাংক স্থাপন কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য ৪৮,৫৯০.০০/- (আটচল্লিশ হাজার পাঁচশত নব্বই) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM)- ঠিকাদারি প্রতিষ্ঠান “মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ” এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর ক্রমিক নং- B-13.28 এবং ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের কোড নং- ০১-০৪-০০১ “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।




২৯/৮/২৩ ৩:৫৪ অপরাহ্ন
মোঃ মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২৯/৮/২৩ ৪:১২ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৩০/৮/২৩ ১১:০৬ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩




৩১/৮/২৩ ৮:১৬ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

৩১/৮/২৩ চ:১৬ পূর্বাক
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১/৯/২৩ চ:৩৭ অপরাহ্ন

অনুমোদিত



১/৯/২৩ চ:৩৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২/৯/২৩ চ:২৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২/৯/২৩ চ:২৩ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩